ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬১৩
আগরতলা, ২৯ আগস্ট, ২০২৫

**ওএনজিসি কেন্দ্রীয় বিদ্যালয়ের মাঠে জাতীয় ক্রীড়া দিবস উদযাপিত**

আগরতলার ওএনজিসি কেন্দ্রীয় বিদ্যালয়ের মাঠে আজ জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী সাংসদ বিপ্লব কুমার দেব। আজ হকির যাদুকর প্রয়াত ধ্যানচাঁদের জন্মদিনে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি ধ্যানচাঁদের অসাধারণ ক্রীড়া নৈপুন্যের কথা তুলে ধরেন। প্রতিদিন খেলাধুলা, শরীরচর্চা করার জন্য তিনি অনুষ্ঠানে উপস্থিত ছাত্রছাত্রীদের উৎসাহিত করেন।

পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের উদ্যোগে এবং ওএনজিসি কেন্দ্রীয় বিদ্যালয়ের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক মিনারাণী সরকার, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, পদ্মশ্রী দীপা কর্মকার, দ্রোনাচার্য বিশ্বেশ্বর নন্দী, ওএনজিসি’র অ্যাসেট ম্যানেজার সঞ্জীব কুমার জাঞ্জুয়া, কেন্দ্রীয় বিদ্যালয়ের প্রিন্সিপাল ধর্মেন্দ্র মিশ্রী, দাবারু অর্শিয়া দাস প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে আজ ধ্যানচাঁদের জন্মদিন উপলক্ষ্যে তাঁর প্রতিকৃতিত্বে পুস্পার্ঘ্য অর্পণ করে অতিথিগণ শ্রদ্ধা জানান। জাতীয় ক্রীড়াদিবস উপলক্ষ্যে উপস্থিত সবাই শপথবাক্য পাঠ করেন। অনুষ্ঠানে পদ্মশ্রী দীপা কর্মকার, দ্রোনাচার্য বিশ্বেশ্বর নন্দী এবং দাবারু অর্শিয়া দাসকে সংবর্ধনা জানানো হয়। সাংসদ বিপ্লব কুমার দেব তাদের সংবর্ধনা জানান। বিধায়ক মিনারাণী সরকার ওএনজিসি কেন্দ্রীয় বিদ্যালয়ের দুজন কৃতি খেলোয়াড়কে সংবর্ধনা জানান। অনুষ্ঠানের পর সাংসদ বিপ্লব কুমার দেব ছাত্রদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচের উদ্বোধন করেন।
******